

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৩)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.dme.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৪.১৭-৬০

তারিখ : ১১.০৬.২০১৭ খ্রি.

বিষয় : ২০১৬-২০১৭ অর্থবছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (মাদরাসা) শিক্ষক-কর্মচারীদের ঈদ-উল-ফিতর/২০১৭ এর উৎসব ভাতার চেক হস্তান্তর।

সূত্র : কারিগরি ও মাদরাসা বিভাগের স্মারক নং -৫৭.০০.০০০.০৪৪.০২.০০৯.১৭-৮০,

তারিখ: ০৭/০৬/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (মাদরাসা) শিক্ষক-কর্মচারীদের ঈদ-উল-ফিতর/২০১৭ এর উৎসব ভাতার চেক ব্যাংকওয়ারী এতদসঙ্গে প্রেরণ করা হ'ল। ব্যাংকওয়ারী টাকার পরিমাণসহ চেকের বিবরণ নিম্নরূপ:

ব্যাংকের নাম	ট্রেজারী চেক নম্বর ও তারিখ	টাকার পরিমাণ
অগ্রণী ব্যাংক লিমিটেড	ক ৬৮৫৫৫৯৭, তারিখ: ০৮/০৬/২০১৭	১৩,১৭,০৭,০৭৫.০০
জনতা ব্যাংক লিমিটেড	ক ৬৮৫৫৫৯৮, তারিখ: ০৮/০৬/২০১৭	১৩,০৬,৭০,১৮৭.৫০
রূপালী ব্যাংক লিমিটেড	ক ৬৮৫৫৫৯৯, তারিখ: ০৮/০৬/২০১৭	১৩,৪৫,৩৮,৯৮৭.৫০
সোনালী ব্যাংক লিমিটেড	ক ৬৮৫৫৬০০, তারিখ: ০৮/০৬/২০১৭	২৮,৮৮,২৮,৬৬২.৫০

- ০২। উপরিউক্ত চেকের টাকা 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের (মাদরাসা) বেতন-ভাতার সরকারি অংশ' শীর্ষক একাউন্টে জমা করতে হবে এবং সংযুক্ত ভাউচার/এমপিও-এর হিসাব অনুযায়ী বন্টন করতে হবে।
- ০৩। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী এই টাকা শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে প্রদান করতে হবে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল অংশীকারনামার মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর ব্যক্তিগত ব্যাংক একাউন্টে টাকা প্রদান করতে হবে।
- ০৪। ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বর ব্যতীত কোন অবস্থাতেই শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশের টাকা বন্টন করা যাবে না। বেতন-ভাতাদি'র সরকারি অংশ বন্টনের অনিয়মের জন্য প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি/গভর্নিং বডি ও প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।
- ০৫। এই টাকা আগামী ১৯/০৬/২০১৭ তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক পেশকৃত (সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত) বিলের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্টে ক্রেডিটকরণের বিষয়ও নিশ্চিত করতে হবে, যাতে শিক্ষক-কর্মচারীগণ ব্যক্তিগত ব্যাংক একাউন্ট হতে যে কোন সময়ে উক্ত টাকা উত্তোলন করতে পারেন।
- ০৬। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতার সরকারি অংশের মূল বেতন হতে অবসর ভাতার চাঁদা বাবদ ৪% এবং কল্যাণ তহবিলের চাঁদা বাবদ ২% হারে কর্তন করে রাখা হয়েছে।
- ০৭। যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতার সরকারি অংশের টাকা স্থগিত রাখা হয়েছে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত ঐ সকল প্রতিষ্ঠান/শিক্ষক-কর্মচারীর টাকা ছাড় করা যাবে না।
- ০৮। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিমশা:৩/১জি-৫/২০০৭/২৯৬, তারিখঃ ২৮/৫/০৮ এর ২(ক) মোতাবেক বেতন-ভাতার সরকারি অংশ বিতরণকারী ব্যাংকসমূহ স্ব-স্ব অধীন শাখাসমূহ থেকে প্রতিমাসের অব্যয়িত অর্থের হিসাব বিবরণী সংগ্রহ করে পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে অবহিত করতে হবে যাতে ০৩ (তিন) মাস পর পর অব্যয়িত টাকা সমন্বয় করা সম্ভব হয়।

ডেপুটি জেনারেল ম্যানেজার

অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়/জনতা ব্যাংক লিমিটেড, লোকাল অফিস

রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়/সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়



(মোহাম্মদ ছরওয়ার আলম)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা